

বড় শিক ও ছোট শিক

বিভাগ/অধ্যায়ঃ বড় শিকের প্রকারভেদ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৩. একমাত্র আল্লাহ্ তা'আলার তাওফীক ছাড়াও কেউ ইচ্ছে করলেই কোন ভালো কাজ করতে বা কোন খারাপ কাজ থেকে বেঁচে থাকতে পারে এমন মনে করার শিক

একমাত্র আল্লাহ্ তা'আলাই ইচ্ছে করলে কাউকে কোন ভালো কাজ করার অথবা কোন খারাপ কাজ থেকে বেঁচে থাকার তাওফীক দিয়ে থাকেন। তিনি ভিন্ন অন্য কেউ ইচ্ছে করলেই তা করতে পারে না।

আল্লাহ্ তা'আলা শু'আইব (আ.) সম্পর্কে বলেন:

«إِنْ أُرِيدُ إِلَّا الْإِصْلَاحَ مَا اسْتَطَعْتُ، وَمَا تَوْفِيقِي إِلَّا بِاللَّهِ، عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ»

“আমি শুধু তোমাদেরকে সংশোধন করতে চাই যত টুকু আমার সাধ্য। আমি যা করেছি অথবা সামনে যা করবো তা একমাত্র আল্লাহ্ তা'আলা আমাকে তাওফীক বা সুযোগ দিয়েছেন বলেই হয়েছে বা হবে। তাঁর উপরই আমার সার্বিক নির্ভরতা এবং তাঁর নিকটই আমাকে প্রত্যাবর্তন করতে হবে”। (হুদ : ৮৮)

মু'আয (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) আমার হাত ধরে বললেন:

يَا مُعَاذُ! وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ، وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ، فَقَالَ: أَوْصِيكَ يَا مُعَاذُ! لَا تَدَعَنَّ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ، تَقُولُ: اللَّهُمَّ
أَعِنِّي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ

“হে মু'আয! আল্লাহ্'র কসম! আমি তোমাকে নিশ্চয়ই ভালোবাসি। আল্লাহ্'র কসম! আমি তোমাকে নিশ্চয়ই ভালোবাসি। হে মু'আয! আমি তোমাকে ওয়াসীয়াত করছি যে, তুমি প্রতি বেলা নামায শেষে নিম্নোক্ত দো'আ করতে ভুলবে না। যার অর্থ: হে আল্লাহ্! আপনি আমাকে আপনার যিকির, শুকর ও উত্তম ইবাদাত করার তাওফীক দান করুন। (আবু দাউদ, হাদীস ১৫২২)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11642>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন